

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৮.০০১.২২.১৮৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১

০৩ জুন ২০২৪

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে কোরবানির পশুর চাহিদা নিরূপণ, সরবরাহ এবং দেশের প্রত্যন্ত অঞ্চলে কোরবানির পশুর অবাধ চলাচল/পরিবহণ নিশ্চিতকল্পে জনাব মোঃ আব্দুর রহমান, এমপি, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ১৬/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর ৮ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী (ছায়ালিপি সংযুক্ত) BTV ও BTV World এর পাশাপাশি সকল বেসরকারি টিভি চ্যানেলে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সতর্কীকরণ বার্তা ও টিভি স্ক্রল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (6821/potrojariAttachmentRef/105212/0/199),

৪-৬-২০২৪

ড.এস এম যোবায়দুল কবির

যুগ্মসচিব

ফোন: ২২৩৩৮১১১৭

ফ্যাক্স: 9512220

ইমেইল: livestock-2@mofl.gov.bd

সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৮.০০১.২২.১৮৭/১(৫)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১

০৩ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৪-৬-২০২৪

ড.এস এম যোবায়দুল কবির

যুগ্মসচিব